# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ কোন কোন সময় কোন অন্যতম শ্রেষ্ঠ আলিমের কাছেও কোন ইলম গোপন থাকতে পারে, যা তাঁর চেয়ে বড় আলিমের জানা থাকে- এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْخَيِّرَ الْفَاضِلَ مِنْ أَهْلِ الْعِلْمِ قَدْ يَخْفَى عَلَيْهِ مِنَ الْعِلْمِ بَعْضُ مَا يُدْرِكُهُ مَنْ هُوَ فَوْقَهُ فِيهِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا اللَّيْثُ عَنْ عَقِيلٍ عَنِ الزُّهْرِيِّ أَخْبَرَنِي عُبَيْدَ اللَّهِ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ لَمَّا تُوُفِّيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاسْتُخْلِفَ أَبُو بكر رضي الله تعالى عَنْهُ وَكَفَرَ مَنْ كَفَرَ مِنَ الْعَرَبِ قَالَ عمر رضي الله تعالى عَنْهُ لِأَبِي بَكْرٍ: كَيْفَ تُقَاتِلُ النَّاسَ وَقَدْ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "أُمِرْتُ أَنْ أُقَاتِلَ النَّاسَ حَتَّى يَقُولُوا: لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَمَنْ قَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ عَصَمَ مِنِّي مَالَهُ وَنَفْسَهُ إِلَّا بحقه وَحِسَابُهُ عَلَى اللَّهِ" قَالَ أَبُو بَكْرٍ رَضِيَ الله تعالى عَنْهُ: وَاللَّهِ لَأُقَاتِلَنَّ مَنْ فَرَّقَ بَيْنَ الصَّلَاةِ وَالزَّكَاةِ فَإِنَّ الزَّكَاةَ حَقُّ الْمَالِ وَاللَّهِ لَوْ مَنَعُونِي عِقَالًا كَانُوا يُؤَدُّونَهُ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَقَاتَلْتُهُمْ عَلَى مَنْعِهِ.
قَالَ عُمَرُ: فَوَاللَّهِ مَا هُوَ إِلَّا أَنْ رَأَيْتُ اللَّهَ شَرَحَ صَدْرَ أَبِي بَكْرٍ لِلْقِتَالِ عرفت أنه الحق"
الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 217 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২১৭. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মৃত্যুবরণ করেন, এবং আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু খলীফা হন এবং আরবের যারা কাফের হওয়ার তারা কাফের হয়ে যায়, তখন উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: “হে আবু বকর, আপনি মানুষের সাথে কিভাবে যুদ্ধ করবেন,

অথচ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আমি আদিষ্ট হয়েছি মানুষের সাথে সংগ্রাম করতে, যতক্ষণ না তারা এই সাক্ষ্য দেয় যে, ’আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা’বুদ নেই।  যে ব্যক্তি বলবে ’আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা’বুদ নেই’ সে ব্যক্তি আমার থেকে তার রক্ত ও সম্পদ নিরাপদ করে নিবে। তবে ইসলামের হক ব্যতীত। আর তার হিসাব আল্লাহর উপর বর্তাবে।” আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: “আল্লাহর কসম, অবশ্যই আমি যুদ্ধ করবো তাদের সাথে যারা সালাত ও যাকাতের মধ্যে পার্থক্য করবে। কেননা যাকাত হলো সম্পদের হক। আল্লাহর কসম, যদি তারা (যাকাত বেঁধে নেওয়ার জন্য) রশি দিতেও অস্বীকার করে, যে রশি তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে দিতো, তবে অবশ্যই আমি তা দিতে অস্বীকার করার কারণে তাদের বিরুদ্ধে যুদ্ধ করবো। উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: “আল্লাহর কসম, এটা এছাড়া আর কিছুই নয় যে, আল্লাহ তা’আলা আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহুর হৃদয়কে যুদ্ধের জন্য উন্মুক্ত করে দিয়েছিলেন। আমি বুঝতে পারলাম যে, এটিই হক।”[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৭২৮৪; সহীহ মুসলিম: ২০; আবু দাউদ: ১৫৫৬; তিরমিযী: ২৬০৭; নাসাঈ: ৫/১৪; সুনান বাইহাকী: ৭/৪; ইবনু মান্দাহ, আল ঈমান: ২৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪০৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88428

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন